গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোল্লাহাট, বাগেরহাট।
mollahat.bagerhat.gov.bd

সভার নাম	:	উপজেলা আইন শৃঙ্খলা কমিটির আগস্ট, ২০২৩ খ্রি. মাসের সভার কার্যবিবরণী।
সভাপতি	:	শোভন সরকার, উপজেলা নির্বাহী অফিসার, মোল্লাহাট, বাগেরহাট।
সভার তারিখ	:	২৮ আগস্ট, ২০২৩ খ্রি.
সময়	:	সকাল-১১.৩০ টা
স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন (অপরাজিতা), মোল্লাহাট, বাগেরহাট।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট - 'ক'

সভাপতি জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে ও উপজেলা আইন- শৃঙ্খলা কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং শাব্দিক সংশোধনী গৃহীত হয় এছাড়া আর কোনো সংযোজন, বিয়োজন ও সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১।	অপরাধ চিত্রের তুলনামূলক বিবরণী : (ক) মোল্লাহাট থানার আগস্ট- ২০২৩ খ্রি. মাসের অপরাধ চিত্র নিম্নরূপ (নিচের সারণি ক) (খ) মোল্লাহাট থানার জুলাই /২০২৩ খ্রি. মাসের অপরাধ চিত্র নিম্নরূপ (নিচের সারণি খ)	মোল্লাহাট থানার প্রতিবেদনে দেখা যায়, আগস্ট / ২৩ মাসের অপরাধ চিত্র, জুলাই/ ২৩ মাসের অপরাধ চিত্রের পরিসংখ্যান স্থিতিশীল রয়েছে যার মধ্যে মাদক দ্রব্যের মামলা রয়েছে ৮টি। অপরাধ চিত্র যাতে বৃদ্ধি না পায় তার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মোল্লাহাট থানাকে অনুরোধ করা হয়।	অফিসার ইনচার্জ, মোল্লাহাট থানা।

(ক) মোল্লাহাট থানার আগস্ট- ২০২৩ খ্রি. মাসের অপরাধ চিত্র নিম্নরূপ

খুন	ডাকাতি / চুরি	দাঙ্গা/ পুলিশ আক্রান্ত	অপহরণ / ধর্ষণ	নারী ও শিশু নির্যাতন	রাহাজানী	মাদক দ্রব্য	অন্যান্য	মোট
-	৩	-	-	-	-	৮	৪	১৫

(খ) মোল্লাহাট থানার জুলাই /২০২৩ খ্রি. মাসের অপরাধ চিত্র নিম্নরূপ

খুন	ডাকাতি / চুরি	দাঙ্গা/ পুলিশ আক্রান্ত	অপহরণ / ধর্ষণ	নারী ও শিশু নির্যাতন	রাহাজানী	মাদক দ্রব্য	অন্যান্য	মোট
-	২	-	-	-	-	৮	৫	১৫

০২।	চেয়ারম্যান, গাওলা ইউনিয়ন পরিষদ, মোল্লাহাট সভায় জানান, কয়েকদিন আগে গাওলা ইউনিয়নে চোরাই গরুর একটি ট্রাক ধরা পড়েছে। ট্রাকের চুরি করা গরু এ এলাকার নয়। অন্য এলাকা থেকে চুরি করে এনে গরুগুলি এক ট্রাক থেকে অন্য ট্রাকে তোলার সময় হাতে নাতে ধরা পড়ে এবং পরবর্তীতে মোল্লাহাট থানায় পাঠানো হয়।	এ ধরণের চুরি রোধ করায় সভার পক্ষ থেকে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট এলাকার সকলে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়া চুরির বিষয়ে আইনগত পদক্ষেপ নেয়ার জন্য অফিসার ইনচার্জ, মোল্লাহাটকে অনুরোধ করা হয়।	অফিসার ইনচার্জ, মোল্লাহাট থানা।
০৩।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোল্লাহাট সভায় জানান, গাড়ফা বাজারের চৌরঙ্গীতে ভ্যান, ইজিবাইক রাখাতে ট্রাকসহ সকল যানবাহন ঘুরতে পারে না ফলে যানযটের সৃষ্টি হয়। এ যানজট নিরসন করতে হলে সকল ইজিবাইক উপজেলা পরিষদের গেটের দক্ষিণ দিকে রাস্তার পাশে রাখার জন্য প্রস্তাব উত্থাপন করেন।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোল্লাহাট এর উত্থাপিত প্রস্তাব যথার্থই। এ বিষয়ে বাজার কমিটির সাথে আলোচনা পূর্বক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	গাড়ফা বাজার কমিটি ও ইজারাদার
০৪।	অফিসার ইনচার্জ সভায় জানান, মোল্লাহাট থানায় এ মাসে যে সমস্ত মামলা হয়েছে তার মধ্যে ৮টি হলো মাদক সংক্রান্ত। আমরা মাদক ব্যবসায়ীকে ধরে বিজ্ঞ আদালতে প্রেরণ করি। পরবর্তীতে দেখা যায় আইননের ফাঁকদিয়ে বের হয়ে এসে আবার একই কাজ লিপ্ত হয়। মাদক সংক্রান্ত মামলা বাদ দিলে থানায় মামলার চিত্র পালটে যাবে। তিনি আরো বলেন, এলাকার আইন শৃঙ্খলা উন্নতি করতে হলে সকল জনপ্রতিনিধিসহ সকললের সহযোগিতা ছাড়া শৃংঙ্খলার উন্নতি কাংক্ষিত পর্যায়ে রাখা সম্ভব নয়।	উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি অবনতি ও মাদকের প্রবনতা যাতে বৃদ্ধি না পায় সে ব্যাপারে সর্বোচ্চ পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মোল্লাহাট কে অনুরোধ জানানো হয়।	অফিসার ইনচার্জ, মোল্লাহাট থানা।
০৫।	উপজেলা পরিষদ চেয়ারম্যান, মোল্লাহাট সভায় জানান, ২০২৩ সালের এসএসসি পরীক্ষা নকলমুক্ত পরিবেশে হওয়া এবং চলমান এইচএসসি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ও শান্ত পরিবেশে	গত এসএসসি পরীক্ষা, নকলমুক্ত পরিবেশে হওয়ায় মোল্লাহাট উপজেলার সকল বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। চলমান এইচএসসি পরীক্ষা	সংশ্লিষ্ট সকল

	অব্যাহত থাকায় অতীতের দুর্নাম ঘোচাতে সক্ষম হয়েছি বলে দাবী করেন। তিনি আরো বলেন চলমান আসন্ন এইচএসসি পরীক্ষা যেনো ভালোভাবে হয় সে বিষয়ে খেয়াল রাখতে হবে।	সুন্দরভাবে করার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়।	

সভাপতি জানান, শুধু আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বা একক কোনো দপ্তরের পক্ষে উপজেলার আইন-শৃঙ্খলার উন্নতি করা সম্ভব না। মদ, গাঁজা, জুয়া, চিংড়ী মাছে পুশিং, ইভটিজিং, বাল্যবিবাহ ও যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহবান এবং আইন- শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৮/২৩

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি
মোল্লাহাট, বাগেরহাট।
ফোন- ০২৪৭৭৭ ৫৪৬৯৯
unomollahat@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.০১৫৬.০০০.০৭.০৪০.২২-৪৭২

তারিখ : ২৯আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ।

কপি বিতরণ: কার্যার্থে/ অবগতির জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। মাননীয় সংসদ সদস্য (মুখ্য উপদেষ্টা), নির্বাচনী এলাকা-৯৫, বাগেরহাট-১।
০২। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৩। উপজেলা পরিষদ চেয়ারম্যান (উপদেষ্টা), মোল্লাহাট।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোল্লাহাট।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোল্লাহাট।
০৬। অফিসার ইনচার্জ, মোল্লাহাট থানা।
০৭। উপজেলা .... অফিসার, মোল্লাহাট।
০৮। চেয়ারম্যান, উদয়পুর/চুনখোলা / গাংনী/ কুলিয়া /গাওলা/ কোদালিয়া/ আটজুড়ি ইউনিয়ন পরিষদ, মোল্লাহাট।
০৯। অধ্যক্ষ / প্রধান শিক্ষক................. কলেজ/ স্কুল, মোল্লাহাট।
১০। জনাব .... সদস্য উপজেলা আইন শৃংখলা কমিটি, মোল্লাহাট।
১১। সভাপতি, মোল্লাহাট প্রেসক্লাব / প্রেসক্লাব মোল্লাহাট।
১২। অফিস কপি।

২৯/০৮/২৩

শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
মোল্লাহাট, বাগেরহাট।